কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা “কবিতা/গল্প” সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

ডাউনলোড “এই যুগ অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন “এই যুগ অ্যাপ”

PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 1 JULY 2026 ,WEDNESDAY|১ জুলাই ২০২৬ ,বুধবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-209

## ট্রেন চালকের তৎপরতায় বেঁচে গেল হাতির দল



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন :** ট্রেন চালকের তৎপরতায় বড়ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা পেল হাতির দল।সোমবার সন্ধ্যা প্রায় ৬টা ১৫ মিনিটে ১৩২৪৮ আরা জংশন–কামাখ্যা এক্সপ্রেস মাদারিহাট ও হাসিমারা স্টেশনের মাঝামাঝি ১৩০/৬ কিলোমিটার পোস্টের কাছে পৌঁছলে কর্তব্যরত লোকো পাইলট রেললাইনের উপর তিনটি পূর্ণবয়স্ক হাতি ও দুটি শাবককে পারাপার করতে দেখেন।পরিস্থিতির গুরুত্ব বুঝে তাঁরা দ্রুত ট্রেনের গতি নিয়ন্ত্রণ করেন এবং হাতির দলটি নিরাপদে রেললাইন পার হওয়ার জন্য অপেক্ষা করেন। হাতির দলটি সম্পূর্ণভাবে সরে যাওয়ার পর পুনরায় ট্রেন চলাচল শুরু হয়।

## ১৮ দফা দাবি নিয়ে কালচিনি ব্লকে ডেপুটেশন সিপিআইএমের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন :** একশো দিনের কাজ চালু, স্মার্ট মিটার বাতিল, বৈধ ভোটারের নাম অবিলম্বে তোলা, বন্ধ চা বাগান শীঘ্র খোলা সহ একাধিক দাবিতে এদিন সিপিএম পক্ষ থেকে কালচিনি বিডিও অফিসে ডেপুটেশন প্রদান করা হয়। এদিন মিছিল করে তারা কালচিনি বিডিও অফিসে জমায়েত হয়ে বিডিও কাছে ডেপুটেশন প্রদান করে। সিপিএম নেতৃত্বরা জানান আঠারো দফা দাবি ভিত্তিতে এই ডেপুটেশন প্রদান করা হয়েছে। তাদের প্রধান দাবি গুলো হল ১০০ দিনের কাজ শীঘ্র চালু করতে হবে, সমস্ত বন্ধ চা বাগান খুলতে হবে। স্মার্ট মিটার বাতিল করতে হবে। জয়গাঁ হাসপাতালে ২৪ ঘণ্টা পরিষেবা প্রদান করতে হবে, হাসিমারা ভোলা নালা সংস্কার করতে হবে।

## স্বাস্থ্য মন্ত্রী কে দিনহাটা মহকুমা হাসপাতালের বিভিন্ন সমস্যা সংক্রান্ত স্মারকলিপি প্রদান করলেন বিধায়ক




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৩০ জুন :** মঙ্গলবার পশ্চিমবঙ্গ বিধানসভায় রাজ্যের স্বাস্থ্য মন্ত্রী ডাঃ শারদ্বত মুখোপাধ্যায় এর সঙ্গে দেখা করেন দিনহাটা মহকুমার সদ্য নির্বাচিত বিধায়ক অজয় রায়। তিনি স্বাস্থ্য মন্ত্রীকে দিনহাটা হাসপাতালের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত করেন এবং একটি স্মারকলিপি প্রদান করেন। স্বাস্থ্যমন্ত্রী সমস্যাসমুহের দ্রুত সমাধানের আশ্বাস দিয়েছেন ।

## অর্ধেক ছাগলের মৃতদেহের পাশে মৃত চিতাবাঘ উদ্ধার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন :** ফালাকাটা ব্লকের তাসাতি চা বাগান থেকে মঙ্গলবার সকালে একটি পূর্ণবয়স্ক চিতাবাঘের মৃতদেহ উদ্ধার করেছে বন দফতর। প্রাথমিকভাবে বনকর্মীদের অনুমান, শিকার দখলকে কেন্দ্র করে দুই চিতাবাঘের সংঘর্ষের জেরেই প্রাণীটির মৃত্যু হয়ে থাকতে পারে।বন দফতর সূত্রে জানা গেছে, চা বাগানের বি/৬ সেকশনে একটি অর্ধভোজ্য ছাগলের মৃতদেহের পাশে চিতাবাঘটির দেহ পড়ে থাকতে দেখা যায়। ঘটনাস্থলে লড়াইয়ের একাধিক চিহ্নও মিলেছে। তদন্তকারীদের ধারণা, ছাগলটিকে নিয়ে একটি অপেক্ষাকৃত কমবয়সি চিতাবাঘের সঙ্গে একটি পূর্ণবয়স্ক চিতাবাঘের সংঘর্ষ হয়েছিল এবং সেই সংঘর্ষেই প্রাণীটির মৃত্যু হয়ে থাকতে পারে।স্থানীয় বাসিন্দারা বিষয়টি দেখতে পেয়ে বন দফতরকে খবর দেন। এরপর জলপাইগুড়ি টেরিটোরিয়াল ফরেস্ট ডিভিশনের দলগাঁও রেঞ্জের বনকর্মীরা ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করেন এবং ময়নাতদন্তের জন্য পাঠান।বন দফতরের কর্মকর্তারা জানিয়েছেন, ময়নাতদন্তের রিপোর্ট হাতে পাওয়ার পরই মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিতভাবে জানা যাবে। ঘটনার সমস্ত দিক খতিয়ে দেখা হচ্ছে।

# শামুকতলা রোডে ট্রাক দুর্ঘটনায় গাড়ির ভিতর আটকে রইল চালক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন :** ৩১ নম্বর জাতীয় সড়কের শামুকতলা রোড এলাকায় দুটি গাড়ির সংঘর্ষে ক্ষতিগ্রস্ত হয়েছে দুটি গাড়ি। বরাত জোরে প্রানে বেঁচে গেছেন দাঁড়িয়ে থাকা গাড়ির চালক। পুলিশের কাছ থেকে জানা গেছে শামুকতলা রোড খাবার সামনে একটি বাঁধাকপি বোঝাই গাড়ি দাঁড়িয়েছিল অন্যান্য বেশ কয়েকটি গাড়ির পেছনে। নিয়ন্ত্রণ হারিয়ে পেছন দিক থেকে একটি গাড়ি দাঁড়িয়ে থাকা গাড়িকে সজরে ধাক্কা মারলে দুটি গাড়ি ক্ষতিগ্রস্ত হয় এবং দাঁড়িয়ে থাকা গাড়ির চালক ঘুমন্ত অবস্থায় আটকে যায় কেবিনে। এরপর পুলিশ ক্রেন এনে গাড়িটিকে সোজা করার পর চালককে আহত অবস্থায় বের করে এনে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে ভর্তি করান। তার চিকিৎসা চলছে আলিপুরদুয়ার এর দুটি গাড়িতে আটক করেছে পুলিশ। অন্যদিকে ৩১ নম্বর জাতীয় সড়কের পানিয়ালগুড়ি এলাকায় একটি দাঁড়িয়ে থাকা পণ্য বাহি গাড়ী কে ধাক্কা মেরে চলে যায় অন্য আরেকটি গাড়ি । এর ফলে দাঁড়িয়ে থাকা গাড়িটি ব্যাপক পরিমাণে ক্ষতিগ্রস্ত হয়েছে। পুলিশ গাড়িটিকে আটক করে তদন্ত শুরু করেছে।

# মহাকাল গুড়ির ভাবী প্রধান কে নিয়ে চলছে জল্পনা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন :** মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান পদ নিয়ে নতুন করে জটিলতা তৈরি হচ্ছে। কে হবে গ্রাম পঞ্চায়েতের নতুন প্রধান ? বিজেপি এবং তৃণমূলের নেতাদের মধ্যে দৌড়ঝাঁপ শুরু করে দিয়েছেন। মহাকাল গুড়ি গ্রাম পঞ্চায়েত প্রধান ইস্তফা দিয়েছেন। কিন্তু উপপ্রধান ইস্থফা দেননি। স্বাভাবিক ভাবেই উপ-প্রধানকেই দায়িত্ব নিতে হবে । প্রধান পথ সামলানোর জন্য। এদিকে প্রধান পদের লড়াইয়ে আছেন বিজেপির বেশ কয়েকজন পঞ্চায়েত সদস্য। মহাকাল গুড়িতে বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব রয়েছে ফলে নিজেদের দলে থাকা পঞ্চায়েত সদস্যকে প্রধান বানানোর জন্য তরপরতা শুরু করেছেন।

# নাবালকের মৃতদেহ উদ্ধার হওয়ার পরেই পঞ্চায়েত সদস্যার বাড়ির সামনে উত্তেজনা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন :** প্রায় ২৪ ঘণ্টা পর নিখোঁজ সাগর দেবনাথের মৃতদেহ উদ্ধার হওয়ার পরেই এলাকার বাসিন্দারা উত্তেজিত হয়ে তৃণমূলের পঞ্চায়েত সদস্যা প্রতিমা দেবনাথের বাড়ির সামনে বিক্ষোভ দেখাতে থাকেন । রীতিমতো তার বাড়িতে ঢুকে আক্রমণের চেষ্টা করেন জনতা । যদিও পুলিশ ঘটনাস্থলে উপস্থিত বাসিন্দাদের কোনরকম অপ্রীতিকর ঘটনা ঘটাতে দেননি । মৃতদেহ উদ্ধার হওয়ার পরেই শেষবারের মতো সাগরকে দেখার জন্য উপচে পড়েছে ভিড় গ্রামবাসীদের মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের পশ্চিম চেপানী জামালপুর পাড়ায়। গত সোমবার বেলা সাড়ে তিনটা নাগাদ একটি বাঁশ দিয়ে ডোবা পারাপার হওয়ার সময় গভীর জলে তলিয়ে যায় ওই এলাকার বাসিন্দা ১৭ বছরের নাবালক সাগর দেবনাথ। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন ডোবা পারাপারের জন্য গত ৫০ বছর ধরে বাঁশের সাঁকো বানানো হতো। তৃণমূলের পঞ্চায়েত ভোটে জেতার পরেই গত তিন বছর ধরে বর্ষাকালে ডোবা পারাবার করার জন্য কোন বাঁশের সাঁকো বানানোর চেষ্টা করেননি। একটি বাঁশের উপর দিয়েই যাতায়াত করেন সাধারণ মানুষ আর এর ফলে মৃত্যু হয়েছে সাগরের। একটি তরতাজা ছেলের মৃত্যুর বিষয়টি মেনে নিতে পারছেন না এলাকার বাসিন্দারা। গ্রামবাসীদের অভিযোগ তৃণমূলের পঞ্চায়েত সদস্যা নিজের চিন্তা করেছেন এলাকার উন্নয়নের চিন্তা করেননি। সাধারণ মানুষের পাশে তাকে পাওয়া যায় না । পঞ্চায়েত সদস্যার বাড়ি থেকে ২০০ মিটারের মধ্যেই এমন ঘটনা ঘটলেও তিনি ঘটনাস্থলে যাননি। মঙ্গলবার বেলা সাড়ে তিনটা নাগাদ উত্তেজনা চলাকালীন পঞ্চায়েত সদস্যা প্রতিমা দেবনাথের বাড়িতেও কাউকে পাওয়া যায়নি।

# নকল মদের কারখানার হদিস শামুকতলা শক্তিনগরে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন :** নকল মোদের কারখানার হদিশ পেয়েছে কুমারগ্রাম সার্কেলের আবগারি দপ্তর এর কর্মকর্তারা। শামুকতলা থানার ২ কিলোমিটার এর মধ্যেই এমন ঘটনায় ব্যাপক চাঞ্চল্য তৈরি হয়েছে এলাকায়। যদিও এলাকার বাসিন্দাদের একাংশ জানিয়েছেন অনেকদিন যাবত এই ব্যবসার চলছে রমরমা ভাবে। মঙ্গলবার বিকেল পাঁচটা নাগাদ আবগারি দপ্তরের আধিকারিক ও কর্মকর্তারা এই অভিযান চালিয়ে প্রচুর পরিমাণ নকল মদ এবং মত তৈরির উপকরণ বাজেয়াপ্ত করেছে শামুকতলা শক্তিনগর বাবুল দেবনাথের বাড়ি থেকে। যদিও বাবুল দেবনাথ আবগারি দপ্তরের কর্মকর্তাদের দেখেই বাড়ি ছেড়ে পালিয়ে গেছে। পালিয়ে গেছে বাড়ির অন্যান্য সদস্যরাও। দীর্ঘদিন যাবত শামুকতলা থানার পুলিশ তেমন কোন সক্রিয় ভূমিকা দেখাতে পারেনি মদ উদ্ধার নিয়ে। স্বাভাবিক পরিস্থিতিতে নকল মদের কারখানা প্রকাশিত হয় শোরগোল পড়ে গেছে এলাকায়। আবগারি দপ্তরের কর্মকর্তা জানিয়েছেন কয়েক ঘন্টার মধ্যেই বাবুল দেবনাথকে আত্মসমর্পণ করার জন্য বলা হয়েছে।

# পঞ্চায়েত সমিতির উন্নয়নমূলক কাজ করার জন্য মাঠে নামতে শুরু করেছে তৃণমূল সদস্যরা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন :** বেশ কিছুদিন কোমায় আচ্ছন্ন থাকার পর আলিপুরদুয়ার ২ ব্লকের বেশ কিছু তৃণমূল নেতা মাথা চারা দিচ্ছে। বিধানসভা ভোট গণনার পর দিন থেকেই আলিপুরদুয়ার দুই পঞ্চায়েত সমিতিতে তৃণমূলের কোনো সদস্যকে দেখা পাওয়া যায়নি। মঙ্গলবার বেশ কয়েকজন তৃণমূলের পঞ্চায়েত সমিতির সদস্য প্রশাসনিক কর্তাদের সঙ্গে যোগাযোগ করা শুরু করে দিয়েছেন পঞ্চায়েত সমিতি পরিচালনার জন্য। আলিপুরদুয়ার ২ পঞ্চায়েত সমিতিতে সাতজন বিজেপির সদস্যা রয়েছেন। বাকিরা তৃণমূলের সদস্য। পঞ্চায়েত সমিতির কার্যকলাপ বন্ধ রয়েছে বেশ কিছুদিন যাবৎ। আবার নতুন করে পঞ্চায়েত সমিতির উন্নয়নমূলক কাজ করার জন্য মাঠে নামতে শুরু করেছে তৃণমূল সদস্যরা। তবে শেষ পর্যন্ত পঞ্চায়েত সমিতির পরিচালনার লাগাম কার হাতে থাকে সেটাই দেখার বিষয়।

# স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে “টিবি মুক্ত বাংলা” গড়ার লক্ষ্যে কর্মসূচী




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,৩০ জুন :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে “টিবি মুক্ত বাংলা” গড়ার লক্ষ্যে যক্ষ্মা রোগীদের চিকিৎসার পাশাপাশি পুষ্টিকর খাবার দিয়ে রোগীদের মানসিক ভাবে উৎসাহ দিতে যক্ষ্মা দপ্তরের আধিকারিক গণ সমাজের বিভিন্ন পেশার মানুষ জনদের সঙ্গে নিয়ে “নিক্ষয় মিত্র” জাতীয় যক্ষ্মা নির্মূলকরণ কর্মসূচী পালন করলেন। কোচবিহার শহরে এমজেএন মেডিক্যাল কলেজ ও হসপিটালে। টিউবারকিউলোসিস এলিমিনেশন প্রোগ্রামের জেলা কোঅরডিনেটর দেবজ্যোতি দত্ত সমাজের সকল পেশার মানুষ কে এই কর্মসূচী তে অংশগ্রহণ করার আহ্বান জানিয়েছেন ।

# শালকুমারহাটের মুন্সিপাড়ার যুবকের মৃত্যু রাশিয়ায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জুন :** আলিপুরদুয়ার -১ ব্লকের শালকুমারহাটের মুন্সিপাড়ার যুবক ইন্দ্রজিৎ বিশ্বাসের (২৫)। ২০২৪ সালে দালাল মারফত হোটেলের কাজ করতে রাশিয়া পারি দিয়েছিলেন তিনি। টানাটানি সংসারে হাল ধরাই ছিলো তাঁর মূল উদ্দেশ্য। কিন্তু ২০২৫ সালের সেপ্টেম্বর মাসে তিনি রাশিয়ান আর্মিতে মোটা টাকার মাস মাইনেতে যোগ দেন। কারণ রাশিয়া-ইউক্রেনের যুদ্ধের সময় প্রচুর সৈনিক লাগছিলো রাশিয়ান আর্মিতে। এতদিন সব ঠিকঠাক চললেও, গত রবিবার ওই যুবকের এক বন্ধু, ইন্দ্রজিতের শালকুমারের বাড়িতে ফোন করে জানান যে, রাশিয়া ও ইউক্রেনের যুদ্ধে নিহত হয়েছেন ইন্দ্রজিৎ। খবর জানা মাত্রই নাতির শোকে মারা যান বৃদ্ধ ঠাকুরদা নীল রতন বিশ্বাস। ঘটনায় শোকে পাথর হয়ে পড়ে গোটা পরিবারটি। তবে পরিবারের দাবী, আদেও ইন্দ্রজিৎ এর মৃত্যু হয়েছে কিনা তাও সঠিক তদন্ত করে দেখা হোক।দলীয় সূত্রে বিষয়টি জানতে পেরেই ইন্দ্রজিতের পার্থিব শরীর শালকুমারে তাঁর মুন্সিপাড়ার বাড়িতে ফিরেয়ে আনতে উদ্যেগি হন আলিপুরদুয়ারের বিজেপি সাংসদ মনোজ টিজ্ঞা আলিপুরদুয়ারের অফিস সেক্রেটারি তথা বিজেপি নেতা শঙ্কর সিনহা মঙ্গলবার সন্ধ্যার আগে জেলার প্রশাসনিক ভবন ডুয়ার্স কন্যায় গিয়ে বিষয়টি নিয়ে জেলা শাসক স্তরে দরবার করেন। জেলা প্রশাসনের তরফে যাতে দ্রুত ভারতে অবস্থিত রাশিয়ান দূতাবাস ও রাশিয়ার ভারতীয় দূতাবাসে যোগাযোগ করা হয় সেই বিষয়ে তদ্বির শুরু করেছেন।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE” ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |